গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২২৯/২০১৮-২০১৯

ঢাকা, শুক্রবার ৩১ মে ২০১৯, ১৭ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি
২। বিশ্বের প্রত্যাশা পূরণে এশিয়াকেই নেতৃত্ব দিতে হবে : টোকিওতে নিক্কেই সম্মেলনে প্রধানমন্ত্রী 'ফিউচার অব এশিয়া' সম্মেলনে প্রধানমন্ত্রীর পাঁচ দফা ধারণা উপস্থাপন
৩। প্রধানমন্ত্রীর সঙ্গে জাইকা প্রধানের বৈঠক : আরো জাপানি বিনিয়োগের আহ্বান
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মিৎসুবিশি ও সামিট কর্ণধারদের সাক্ষাৎ
৫। প্রধানমন্ত্রী ওআইসির শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ সৌদি আরব যাচ্ছেন
৬। প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে তথ্যপ্রযুক্তিতে দক্ষ হতে হবে : সিঙ্গাপুরে স্পিকার
৭। ঈদযাত্রা নিয়ে শঙ্কা কেটে গেছে : সেতুমন্ত্রী
৮। ১০ থেকে ১৫ লাখ টন চাল রফতানি করা হবে : কৃষিমন্ত্রী
৯। প্রবাসীদের নিজ দেশের মর্যাদা সমুন্নত রেখে কাজ করার আহ্বান আইনমন্ত্রীর
১০। রোহিঙ্গা সংকট নিরসনে ওআইসির সহায়তা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী
১১। চতুর্থ শিল্পবিপ্লবের সুবিধা কাজে লাগাতে বাংলাদেশকে সহায়তা করবে চীন
১২। জাতীয় সংসদের সব কার্যক্রম ডিজিটালাইজড করা হবে : আইসিটি প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১ । নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি

লোকসভা নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পাওয়ায় দ্বিতীয়বারের মতো ভারতের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন নরেন্দ্র মোদি। গতকাল ৩০ মে বৃহস্পতিবার নয়াদিল্লির রাষ্ট্রপতি ভবনে তাঁকে শপথ বাক্য পাঠ করান রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। গতকাল রাষ্ট্রপতি ভবনের আঙ্গিনায় নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে প্রায় আট হাজার অতিথি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিদেশি নেতা, ভারতের শীর্ষ রাজনৈতিক ও আধ্যাত্মিক নেতাদের উপস্থিতিতে শপথ নেন নরেন্দ্র মোদি। অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উপস্থিত ছিলেন। **সূত্র : ইত্তেফাক (পৃ.১,ক.১),**

২। বিশ্বের প্রত্যাশা পূরণে এশিয়াকেই নেতৃত্ব দিতে হবে : টোকিওতে নিক্কেই সম্মেলনে প্রধানমন্ত্রী
'ফিউচার অব এশিয়া' সম্মেলনে প্রধানমন্ত্রীর পাঁচ দফা ধারণা উপস্থাপন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্ব আজ অনেক প্রত্যাশা নিয়ে তাকিয়ে আছে উদীয়মান এশিয়ার দিকে। উদ্ভাবনে, অনুপ্রেরণায় বিশ্বকে শান্তি আর সমৃদ্ধির পথে এগিয়ে নিতে এশিয়াকেই নেতৃত্ব দিতে হবে। এ লক্ষ্যে পাঁচ দফা ধারণা উপস্থাপন করেছেন প্রধানমন্ত্রী। গতকাল (৩০ মে বৃহস্পতিবার) টোকিওর ইম্পেরিয়াল হোটেলে 'দ্য ফিউচার অভ্ এশিয়া' শীর্ষক নিক্কেই সম্মেলনে তিনি এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিভিন্ন দেশের রাষ্ট্রনেতা, রাজনীতিবিদ, অর্থনীতিবিদ, গবেষক ও তাত্ত্বিকদের সামনে তাঁর এসব ভাবনা তুলে ধরেন। প্রধানমন্ত্রী আরো বলেন, এশিয়া ও বাইরের অর্থনীতিগুলোর মধ্যে ঘনিষ্ঠ পারস্পরিক নির্ভরতা বৃদ্ধি পেলে সবারই সম্পদের জোগান বাড়বে বলে মত দেন প্রধানমন্ত্রী। তার ভাষায়, বাণিজ্যের পাশাপাশি জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের মধ্য দিয়েই এটা সম্ভব। মানুষে মানুষে এ যোগাযোগই পারে বিশ্বজুড়ে শান্তি ও সমৃদ্ধির ভিত্তি স্থাপন করে দিতে। অবকাঠামো, মুক্ত বাণিজ্য এবং উদার বিনিয়োগ নীতিই এশিয়ার বিকাশের ভিত্তি গড়ে দিয়েছে। **সূত্র : সমকাল** (শেষ পৃ,ক.১),

৩। প্রধানমন্ত্রীর সঙ্গে জাইকা প্রধানের বৈঠক : আরো জাপানি বিনিয়োগের আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৩০ মে বৃহস্পতিবার) বাংলাদেশের জন্য আরো জাপানি বিনিয়োগের ব্যবস্থার জন্য জাইকার সহায়তা কামনা করেছেন। জাইকার প্রেসিডেন্ট শিনীচি কিতাওকা প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎতে প্রধানমন্ত্রী জাপানের বিনিয়োগকারীদের বাংলাদেশের বিনিয়োগের নতুন ক্ষেত্র অনুসন্ধান করে আরো বিনিয়োগের আহ্বান জানান। স্বাধীনতা লাভের পর থেকে জাপানকে বাংলাদেশের সবচেয়ে কাছের বন্ধু হিসেবে বর্ণনা করে প্রধানমন্ত্রী আরো বলেন, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে বিধ্বস্ত দেশ পুনর্গঠনে জাপান আমাদের অনেক সাহায্য ও সহযোগিতা করেছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫.ক.১),

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মিৎসুবিশি ও সামিট কর্ণধারদের সাক্ষাৎ

হোটেল নিউ অটানিতে গতকাল (৩০ মে বৃহস্পতিবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে তাঁকে সামিট, মিৎসুবিশি ও জিইর বাংলাদেশে ৩০০ কোটি ডলার বিনিয়োগের অগ্রগতি সম্পর্কে অবহিত করেছেন এসব সংস্থার প্রধানরা। মিৎসুবিশির প্রাকৃতিক গ্যাস বিভাগের সিইও জুন নিশিজাওয়া ও সামিটের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান প্রধানমন্ত্রীকে এ বিষয়ে অবহিত করেন। তাঁরা বাংলাদেশে অন্যান্য বিদ্যুৎ ও জ্বালানি প্রকল্প নিয়েও আলোচনা করেন। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৪),

৫। প্রধানমন্ত্রী ওআইসির শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ সৌদি আরব যাচ্ছেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপানে চার দিনের সরকারি সফর শেষে ওআইসির শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ (৩১ মে শুক্রবার) সকালে সৌদি আরবের উদ্দেশে টোকিও ত্যাগ করবেন। তাঁকে বহনকারী বিমানটি বিকেলে জেদ্দার বাদশাহ আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে। সেখান থেকে প্রধানমন্ত্রী ওআইসি সম্মেলনে যোগ দিতে মক্কা যাবেন। জাপান ও সৌদিসহ তিন দেশ সফরে প্রধানমন্ত্রী গত ২৮ মে মঙ্গলবার ঢাকা ত্যাগ করেন। সৌদি থেকে তিনি ফিনল্যান্ড যাবেন। ৮ জুন তিনি দেশে ফিরবেন। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৪),

**৬।	প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে তথ্যপ্রযুক্তিতে দক্ষ হতে হবে : সিঙ্গাপুরে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ অগ্রসরমান। ভবিষ্যৎ প্রজন্মকে প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে অবশ্যই তথ্যপ্রযুক্তিতে দক্ষ হতে হবে। গতকাল (৩০ মে বৃহস্পতিবার) ন্যাশনাল ইউনির্ভাসিটি অভ্ সিঙ্গাপুর এর ই-গভর্নমেন্ট লিডারশিপ সেন্টারে 'ডেভেলপিং ডিজিটাল গভর্নমেন্ট স্ট্র্যাটেজিস : অ্যান ওরিয়েন্টেশন গ্রোগ্রাম অন ই- গভর্নেন্স' শীর্ষক কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.৪.ক.৪),

**৭।	ঈদযাত্রা নিয়ে শঙ্কা কেটে গেছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মহাসড়কে ঈদযাত্রা নিয়ে কোনো শঙ্কা নেই। শঙ্কা, উদ্বেগ ও আশঙ্কা যা ছিল তা কেটে গেছে। রাস্তায় সমস্যা নেই, সমস্যা শুধু যানবাহনের শৃঙ্খলায়। শৃঙ্খলা থাকলে যানজট হবে না। গতকাল (৩০ মে বৃহস্পতিবার) রাজধানীর তেজগাঁওয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের সদর কার্যালয়ে 'ঈদে ঘরমুখো মানুষের নিরাপদ ঈদযাত্রা নিশ্চিতকল্পে করণীয়' শীর্ষক প্রস্তুতি সভায় তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে মেঘনা-গোমতী সেতু খুলে দেওয়ার পর এখন মানুষ সাড়ে তিন থেকে চার ঘণ্টায় ঢাকা থেকে চট্টগ্রাম যেতে পারছে। ঢাকা-উত্তরবঙ্গের পথেও পুরনো সমস্যা নেই। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫),

**৮।	১০ থেকে ১৫ লাখ টন চাল রফতানি করা হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, ধান ও চালের বাজার স্বাভাবিক রাখতে চাল আমদানিতে কড়াকড়ি এবং রফতানিকে উৎসাহিত করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকার ১০ থেকে ১৫ লাখ টন চাল রফতানি করবে। চাল রফতানির জন্য ২০ থেকে ৩৫ শতাংশ পর্যন্ত প্রণোদনা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। আর চাল আমদানি বন্ধে আমদানি শুল্ক বাড়িয়ে ৫৫ শতাংশ করা হয়েছে। গতকাল (৩০ মে বৃহস্পতিবার) মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ধানের বাজারমূল্যের বিষয়ে সরকারের গৃহীত কার্যক্রম বিষয়ে সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৫),

**৯।	প্রবাসীদের নিজ দেশের মর্যাদা সমুন্নত রেখে কাজ করার আহ্বান আইনমন্ত্রীর**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, প্রবাসী বাংলাদেশিদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার সব সময় সব ধরনের সহযোগিতা করছে। তিনি প্রবাসীদের নিজ দেশের মর্যাদা সমুন্নত রেখে কাজ করার আহ্বান জানান। বিদেশে নিজেদের মধ্যে সুসম্পর্ক বজায় রেখে মেধা, শ্রম ও আন্তরিকতার সঙ্গে কাজ করার পরামর্শ দেন, যাতে করে বিদেশে বাঙালিদের কাজের সুনাম ছড়িয়ে পড়ে। গতকাল (৩০ মে বৃহস্পতিবার) অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় প্রবাসী বাংলাদেশিদের আইনমন্ত্রীকে দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বৈধভাবে রেমিট্যান্স পাঠানোর আহ্বান জানিয়ে আরো বলেন, বাংলাদেশের মর্যাদা বৃদ্ধির জন্য আপনারা কাজ করবেন। জীবনের ঝুঁকি নিয়ে কেউ যাতে সমুদ্রপথে বিদেশে না আসে সে ব্যাপারে পরামর্শ দেন তিনি। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১),

**১০।	রোহিঙ্গা সংকট নিরসনে ওআইসির সহায়তা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন রোহিঙ্গা সংকট সমাধানে ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) সদস্য দেশগুলোর সহায়তা কামনা করেছেন। তিনি মিয়ানমারে রোহিঙ্গাদের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের বিচার নিশ্চিত করারও আহ্বান জানান। পররাষ্ট্রমন্ত্রী গতকাল (৩০ মে বৃহস্পতিবার) সৌদি আরবের জেদ্দায় ওআইসির ১৪তম শীর্ষ সম্মেলন উপলক্ষে ওআইসি পররাষ্ট্রমন্ত্রী পরিষদের প্রস্তুতি সভায় এ আহ্বান জানান।

পররাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গাদের অধিকার প্রতিষ্ঠায় গাম্বিয়ার নেওয়া উদ্যোগের প্রশংসা করে বলেন, মিয়ানমারের বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে বিচার চাওয়া হবে। মন্ত্রিপর্যায়ের বৈঠকে রোহিঙ্গা ইস্যুতে একটি ইশতেহারের খসড়া চূড়ান্ত করতে সম্মত হয়। এ ইশতেহারে রোহিঙ্গা ইস্যুসহ অন্যান্য ইস্যুও উল্লেখ থাকবে। তিনি জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ মোকাবিলায় একসঙ্গে কাজ করতে উলেমাদের নিয়ে একটি নতুন প্ল্যাটফর্ম গঠনের প্রস্তাব করেন। এসব বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গাদের নিরাপদে প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ করেন। তিনি সদস্য দেশসমূহের মধ্যে বৃহত্তর অর্থনৈতিক জোট ও বাণিজ্য সুবিধা গড়ে তোলার ওপরও গুরুত্বারোপ করেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৪),

১১। চতুর্থ শিল্পবিপ্লবের সুবিধা কাজে লাগাতে বাংলাদেশকে সহায়তা করবে চীন

জ্ঞানভিত্তিক শিল্পায়নের জন্য চতুর্থ শিল্পবিপ্লবের সুবিধা কাজে লাগাতে চীন বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে আগ্রহী বলে জানিয়েছেন চীনা রাষ্ট্রদূত ঝাং জু। তিনি বলেন, বাংলাদেশের শিল্পখাতে ডিজিটালাইজেশন, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং নতুন প্রযুক্তি স্থানান্তরে চীন সহায়তা করবে। ইতোমধ্যে তিন শতাধিক চীনা কোম্পানি বাংলাদেশে বিনিয়োগ করেছে বলে তিনি জানান। বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ঝাং জু গতকাল (৩০ মে বৃহস্পতিবার) শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের সঙ্গে বৈঠককালে এ কথা জানান। সাক্ষাৎকালে শিল্পমন্ত্রী বলেন, বাংলাদেশের অবকাঠামো উন্নয়ন, প্রযুক্তির আধুনিকায়নসহ সম্ভাবনাময় অনেক খাতে চীনের সহায়তা রয়েছে উল্লেখ করে তিনি দ্বিপক্ষীয় সহযোগিতার সম্পর্ক ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৪)

১২। জাতীয় সংসদের সব কার্যক্রম ডিজিটালাইজড করা হবে : আইসিটি প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, আইন, পলিসি ও বাজেটসহ সবকিছুর কেন্দ্রবিন্দু জাতীয় সংসদ। টাইম, কস্ট ও ভিজিট কমিয়ে সেবাসহ সংসদের সব কার্যক্রম ডিজিটালাইজড করা হবে, যাতে বিশ্বের অন্যান্য দেশ বাংলাদেশ পার্লামেন্টকে অনুসরণ করে। তিনি বলেন, সংসদের প্রতিটি জায়গায় হাইস্পিড (দ্রুতগতি) ইন্টারনেট সেবা নিশ্চিত করা হবে। গতকাল (৩০ মে বৃহস্পতিবার) জাতীয় সংসদের শপথকক্ষে ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব শীর্ষক কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বাতা** (পৃ.২,ক.৪।